



# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।  
ফ্যাক্স-০৩৭১-৬১০৪৯

email-[khagracharipoura@gmail.com](mailto:khagracharipoura@gmail.com).

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং- খাগঃ পৌঃ/প্রকৌঃ/২০২০/২২

তারিখঃ- ১৯/০১/২০২০খ্রি:

বরাবর

সভাপতি/সাধারণ সম্পাদক  
খাগড়াছড়ি রাজমন্ত্রী সমবায় সমিতি লিঃ  
খাগড়াছড়ি সদর  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয়: ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি পৌরসভা প্রকৌশল বিভাগ কর্তৃক অবৈধ ইমারত নির্মাণ সংক্রান্ত অভিযানে, সরজমিনে পর্যবেক্ষণ করে লক্ষ্য করা যায় যে, আপনাদের সমিতির আওতাধীন বিভিন্ন রাজমন্ত্রীগণ অবৈধ ইমারত নির্মাণ কাজে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে সহযোগিতা করছে যা সম্পূর্ণরূপে আইন পরিপন্থি। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক অবৈধ ইমারত নির্মাণকারী এবং অবৈধ নির্মাণ কাজে সহযোগী সমানভাবে অপরাধী। খাগড়াছড়ি পৌরসভা কর্তৃক ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী সঠিকভাবে পালন করা একান্ত জরুরী।

এখানে উল্লেখ্য যে, এ বিষয়ে আপনাদের সংগঠনকে খাগড়াছড়ি পৌরসভা হতে বিভিন্ন সময়ে ইমারত নির্মাণ সংক্রান্ত বিষয়ে পত্র প্রদান করা হয়েছে এবং সভা,সেমিনারের মাধ্যমে জানানো হয়েছে। কিন্তু বাস্তবে কোন ধরনের প্রতিফলন লক্ষ্য করা যাচ্ছে না।

এমতাবস্থায় অবৈধ ইমারত নির্মাণ কাজ থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হ'ল। অন্যথায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন - ২০০৯ অনুসারে আইনুনায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত: ১। ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী: ০১ ফর্দ।  
২। জরুরী গণ বিজ্ঞপ্তি: ০১ ফর্দ।

সদয় অবগতির জন্য:

১. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি রিজিয়ন ও কমান্ডার, ২০৩ পদাতিক ব্রিগেড, খাগড়াছড়ি সেনানিবাস, খাগড়াছড়ি।
২. জেলা প্রশাসক- খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. পুলিশ সুপার - খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. অফিস নথি।

(রফিকুল আলম)  
মেয়র  
খাগড়াছড়ি পৌরসভা।  
২২/০১/২০২০